তারিখ 12 AUG 2016
পৃষ্ঠা ৪ কলাম ১

সমকাল

জাতীয় স্কুল বিতর্ক

# চ্যাম্পিয়ন দেবাশীষ রানারআপ রেদওয়ান ও ফারহানা

■ সমকাল প্রতিবেদক

যুক্তির প্রাণবন্ত উপস্থাপনা ও দুর্নীতিবিরোধী প্রত্যয়ের মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক মিলনায়তনে গতকাল বৃহস্পতিবার শেষ হলো দু'দিনের টিআইবি-ডিইউডিএস জাতীয় স্কুল বিতর্ক প্রতিযোগিতা। এবারের আসরের স্লোগান ছিল– 'দুর্জয় তারুণ্য-দুর্নীতির বিরুদ্ধে একসাথে'। ছায়া সংসদের আদলে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে রাজধানীর উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী দেবাশীষ বিশ্বাস। প্রথম রানারআপ হয়েছে আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের রেদওয়ানুল ইসলাম ও দ্বিতীয় রানারআপ হয়েছে শহীদ বীরউত্তম লে. আনোয়ার গার্লস কলেজের শিক্ষার্থী ফারহানা আমিন রিপা।

গ্রুপ পর্যায়ের বারোয়ারি বিতর্কে শ্রেষ্ঠ বক্তা হয়েছে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অদিতি বৈরাগী, শিমি আফসারা, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের রেদওয়ানুল ইসলাম ও গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুলের শাহ আদানউজ্জামান।

প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অ্যাডভোকেট সুলতানা কামাল। এ ছাড়া অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির (ডিইউডিএস) মডারেটর অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও সভাপতি রায়হান সানন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ডিইউডিএসের সাধারণ সম্পাদক মাজহারুল কবির শয়ন। প্রতিযোগিতাটি যৌথভাবে আয়োজন করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ও ডিইউডিএস। প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ের ৩৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের দেড় শতাধিক শিক্ষার্থী অংশ নেয়।